



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর



সাইলো/পি.ইউ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৮৫.১৬.০০১.২০-৪৫

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭
০৩ জুন ২০২০

পরিপত্র

বিষয়: খাদ্য অধিদপ্তরাধীন সান্তাহার সাইলো আঙ্গিনায় জাইকার আর্থিক সহায়তায় নির্মিত দ্বি-তলবিশিষ্ট ওয়্যারহাউজে খাদ্যশস্য মজুত, সংরক্ষণ, ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত।

খাদ্য অধিদপ্তরাধীন সান্তাহার সাইলো আঙ্গিনায় জাইকার আর্থিক সহায়তায় নির্মিত দ্বি-তলবিশিষ্ট ওয়্যারহাউজে খাদ্যশস্য মজুত, সংরক্ষণ, ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রণয়নের জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ হতে গত ১৫/০৭/২০১৮ খ্রি. তারিখে ১৩.০১.০০০০.০৮৫.১৬.০০৬.১৬/৭৭/১(৩) নং স্মারকের মাধ্যমে কমিটি গঠন করা হলে উক্ত কমিটি ওয়্যারহাউজ পরিচালনার ক্ষেত্রে কিছু সুপারিশ পেশ করে। উক্ত সুপারিশসমূহের আলোকে ইতিপূর্বে ১৭/০৬/২০১৯ তারিখের ১৩.০১.০০০০.০৮৫.০০৬.১৬.৮৫ স্মারকে পরিপত্র জারি করা হয়। এক্ষণে সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলোর ১৯/০৫/২০২০ তারিখের ৫১৮ নং পত্রের প্রেক্ষিত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

(১) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো সান্তাহার মাল্টিস্টোরিড ওয়্যারহাউজ এর প্রধান কর্মকর্তা হিসেবে কার্যক্রম পরিচালনা করবেন; তিনি ওয়্যারহাউজের বিভিন্ন কার্যক্রম যথা- গ্রহণ, প্রেরণ, সংরক্ষণ ও মজুত, হিসাব রক্ষণ, কারিগরি ব্যবস্থাপনা, কোয়ালিটি কন্ট্রোল, বাণিজ্যিক ও অভ্যন্তরীণ নিরীক্ষা ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য নির্দিষ্ট সংখ্যক উপযুক্ত কর্মচারীদের দ্বারা কার্যক্রম পরিচালনা করবেন;

(২) ওয়্যারহাউজে খাদ্যশস্য মজুত ও সংরক্ষণের জন্য জাইকা কর্তৃক সরবরাহকৃত নির্দেশিকা (Operation and Maintenance Manual'2015) অনুসরণপূর্বক শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা (Air Conditioner System) ও ডিহিউমিডিফায়ার (Dehumidifier) এর ব্যবহার সমন্বয়পূর্বক গুণগতমান অক্ষুণ্ণ রেখে খাদ্যশস্য সংরক্ষণ করতে হবে;

(৩) জাইকার নির্দেশিত প্যালেট (Pallet) পদ্ধতির পাশাপাশি এফএস গুদামসমূহে অনুসৃত প্রচলিত সংরক্ষণ নীতিমালা অনুযায়ী খামাল গঠন করতে হবে;

(৪) বর্তমানে ৫০ কেজি এবং ৩০ কেজি ধারণক্ষম বস্তায় খাদ্যশস্য সংগ্রহ করা হচ্ছে। ওয়্যারহাউজে ৫০ কেজি ধারণক্ষম বস্তার পরিবর্তে ৩০ কেজি ধারণক্ষম বস্তায় খাদ্যশস্য মজুত করা হলে প্যালেটে/ খামালে বস্তা ওঠানো-নামানো সহজতর ও খামাল তুলনামূলকভাবে স্থায়ী (Stable) হয় বিধায় প্যালেট (Pallet) ও প্রচলিত খামাল গঠন পদ্ধতি উভয় ক্ষেত্রেই ৩০ কেজি ধারণক্ষম বস্তায় খাদ্যশস্য সংরক্ষণ ও মজুত করতে হবে;

(৫) ওয়্যারহাউজের ধারণক্ষমতা ২৫,০০০ মে. টন হলেও কার্যকরী ধারণ ক্ষমতার বিবেচনায় অন্তত ১৫,০০০ মে. টন খাদ্যশস্য মজুত করতে হবে;


(৬) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালার আওতায় শুধুমাত্র চুক্তিবদ্ধ অটোমেটিক রাইস মিলে প্রস্তুতকৃত রপ্তানিযোগ্য অতি উত্তম মানের খাদ্যশস্য এবং খাদ্যশস্য সংগ্রহ নীতিমালার আওতায় অভ্যন্তরীণভাবে সংগৃহীত গম সংগ্রহ করেও মজুত করা যাবে;

(৭) প্যালেট/খামালে সংরক্ষিত মজুত খাদ্যশস্যের কীট নিয়ন্ত্রণের প্রয়োজন হলে জাইকার নির্দেশিকা অনুযায়ী/কারিগরি পরিদর্শকের মতামত অনুযায়ী/প্রচলিত কীট নিয়ন্ত্রণ পদ্ধতি ও নিয়মাবলি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৮) খাদ্যশস্যের মজুত ব্যবস্থাপনা সুস্বুঠভাবে প্রতিপালনে লক্ষ্যে অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/ কর্মচারী পদায়ন করতে হবে;

(৯) এয়ার কন্ডিশনিং সিস্টেম ও ডিডিমিডিফায়ার চালনা এবং অন্যান্য অন্যান্য ফ্যাক্টরের দরুন আর্দ্রতা হ্রাসজনিত উদুভত গুদাম ঘাটতি প্রচলিত বিধিমালা (খাদ্য বিভাগের অফিস স্মারক নং শাখা-৬/আই ডব্লিউ-৫৯-৬৬-৩৬০ এফ. ডি তারিখ: ২০/০৬/১৯৬৭) মোতাবেক প্রযোজ্যক্ষেত্রে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর মাধ্যমে অবলোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১০) জাইকা কর্তৃক সরবরাহকৃত নির্দেশিকা (Operation and Maintenance Manual'2015) এবং কমিটির উপরোক্ত মতামতের আলোকে ওয়্যারহাউজে খাদ্যশস্য মজুত এবং বিলি-বিতরণে চালের ওজন, গুণগতমানসহ মজুত খাদ্যশস্য সুস্বুঠভাবে সংরক্ষণে কোন ত্রুটি/সমস্যা দেখা দিলে প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও জাইকা কর্তৃপক্ষকে অবহিত করে সমস্যা সমাধান করতে হবে।



৩-৬-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক

বিতরণ:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর
- ৩) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা। .
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৫) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (উক্ত পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া/ নওগাঁ/ জয়পুরহাট/দিনাজপুর।
- ৮) অফিস কপি।